দৈনিক
ইত্তেফাক

2 8 MAY 20০৩
পৃষ্ঠা ... কলাম ...

# সংবিধানে এক ধারার কথা থাকলেও দেশে বিভিন্ন ধারার শিক্ষা ব্যবস্থা চালু রয়েছে

……………অধ্যাপক জিল্লুর রহমান

ইত্তেফাক রিপোর্ট ॥ বিশিষ্ট শিক্ষাবিদ ও জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সাবেক ভিসি অধ্যাপক জিল্লুর রহমান সিদ্দিকী বলেছেন, বাংলাদেশের (৭ম পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

## সংবিধানে এক ধারার

(৩য় পৃঃ পর)

সংবিধানে এক ধারার শিক্ষা ব্যবস্থা প্রচলনের উল্লেখ থাকলেও বাস্তবে দুই-তিন ধারার শিক্ষা ব্যবস্থা দেশে চালু রয়েছে। শহরাঞ্চলে লাখ লাখ টাকা ব্যয়ে এক রকম শিক্ষা ব্যবস্থা বিস্তার লাভ করছে, অন্যদিকে গ্রামাঞ্চলে এখনও সনাতনী পন্থায় শিক্ষার চর্চা হচ্ছে। দেশ স্বাধীন হওয়ার দীর্ঘদিন অতিক্রান্ত হলেও আজো আমরা একটি গণমুখী শিক্ষানীতি পাইনি। গত সোমবার সকালে ইঞ্জিনিয়ার্স ইনষ্টিটিউশন মিলনায়তনে বাংলাদেশ শিক্ষক সমিতির ৯ম জাতীয় সম্মেলনের উদ্বোধনকালে প্রধান অতিথির বক্তৃতায় তিনি একথা বলেন। অনুষ্ঠানে অন্যদের মধ্যে বক্তব্য রাখেন সাবেক মন্ত্রী সৈয়দ আবুল হোসেন, বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের সেক্রেটারী জেনারেল কাজী ফারুক আহমেদ প্রমুখ। সভাপতিত্ব করেন সমিতির সভাপতি অধ্যক্ষ মোঃ কামরুজ্জামান।